গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩২৪ তারিখ: ৭ পৌষ ১৪২৬
২২ ডিসেম্বর ২০১৯

বিষয়: **প্রাকৃতিক দুর্যোগে জরুরি সাড়াদান কেন্দ্রে প্রাপ্ত তথ্যাদির সমন্বিত প্রতিবেদন।**

**সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ** সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

**আজ ২২ ডিসেম্বর ২০১৯ খিঃ সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাসঃ**
**দেশের নদী অববাহিকায় আজ (২২/১২/২০১৯)ইং সকাল ০৯ টা থেকে পরবর্তী (০৩- ০৪) ঘণ্টা পর্যন্ত হালকা থেকে মাঝারী ধরনের কুয়াশা পরতে পারে। যার ফলে দৃষ্টিসীমা ৮০০ মি বা কোথায় কোথায় আরও কম হতে পারে। এসব এলাকার নৌযানসমূহকে সাবধানে চলাচল করতে বলা হয়েছে, কিন্তু কোনো সংকেত দেখাতে হবে না।**

**আজ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ**

**সিনপটিক অবস্থাঃ উপ-মহাদেশীয় উচ্চচাপ বলয়ের বর্ধিতাংশ বিহার ও তৎসংলগ্ন এলাকা পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে।**

**পূর্বাভাসঃ অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া প্রধানতঃ শুষ্ক থাকতে পারে।**

**কুয়াশাঃ মধ্যরাত থেকে সকাল পর্যন্ত দেশের কোথাও কোথাও মাঝারী থেকে ঘন কুয়াশা পড়তে পারে।**

**শৈত্যপ্রবাহঃ রাজশাহী, পাবনা, যশোর, তেঁতুলিয়া ও চুয়াডাঙ্গা অঞ্চল সমূহের উপর দিয়ে মৃদু শৈত্যপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা পশমিম হতে পারে।**

**তাপমাত্রাঃ সারাদেশে রাতের এবং দিনের তাপমাত্রা (১-২)ডিগ্রী সে. বৃদ্ধি পেতে পারে।**

**পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): এই সময়ের শেষের দিকে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে ।**

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্টগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ১৮.১ | ১৭.৮ | ২৬.৪ | ২২.৭ | ১৬.০ | ১৮.৫ | ২০.০ | ২৩.৯ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ১২.১ | ১৩.৭ | ১০.১ | ১৪.২ | ০৯.৫ | ০৯.৫ | ০৯.০ | ১২.৫ |

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল টেকনাফ ২৬.৪° এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা যশোর ০৯.০°সেঃ।

**অগ্নিকান্ডঃ**
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য থেকে জানা যায়, ২০/১২/২০১৯খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ২১/১২/২০১৯খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ১৮টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডের তথ্য নিম্নে দেওয়া হলঃ

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ৬ | ৩ | ০ |
| ২। | ময়মনসিংহ | ২ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ০ | ০ | ০ |
| ৪। | সিলেট | ১ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ০ | ০ | ০ |
| ৬। | রংপুর | ২ | ০ | ০ |
| ৭। | চট্টগ্রাম | ৩ | ০ | ০ |
| ৮। | খুলনা | ৪ | ০ | ০ |
| | **মোট** | **১৮** | **৩** | **০** |

**উল্লেখযোগ্য অগ্নিকান্ড (জেলাভিত্তিক তথ্য):**

**১। ঢাকাঃ** ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স নিয়ন্ত্রণ কক্ষের ডিউটি অফিসার টেলিফোনে জানান, গত ২১.১২.২০১৯ইং তারিখ সকাল০৭.২০ মিনিটের সময় ৮৯, বিসিসি রোড, শাখারী বাজার এলাকায় একটি ৫ তলা ভবনের ৩য় তলায় রাবারের গোডাউনে আগুন লাগে। সংবাদ পেয়ে ফায়ার সার্ভিসের ০২ টি ইউনিট দ্রুত ঘটনাস্থলে গিয়ে

সকাল ০৮.০৬মিনিটে আগুন নিয়ন্ত্রণে আনে। আগুন লাগার কারণ জানা যায়নি। অগ্নিকান্ডে তিন জন আহত হয়েছেন। তাদেরকে স্থানীয়ভাবে হসপিটালে ভর্তি করা হয়। বিস্তারিত পরে জানা যাবে।

**২। ঢাকাঃ** ঢাকা জেলা প্রশাসনের পত্র নং ৫১.০১.২৬০০.০১৮.৪০.০০৩.১৯-৮৮৭, তারিখ- ২১/১২/২০১৯খ্রিঃ এর মাধ্যমে জানিয়েছে যে, গত ১১ ডিসেম্বর ২০১৯ তারিখ আনুমানিক বিকাল ৪:৩০ ঘটিকায় কেরাণীগঞ্জ উপজেলাধীন শুভাঢ্যা ইউনিয়নের চুনকুটিয়া চৌরাস্তা এলাকার হাবিব ম্যানসনে অবস্থিত 'প্রাইম পেট এন্ড প্লাস্টিক ইন্ডাস্ট্রিজ' নামক কারখানায় অগ্নিকান্ডের সূত্রপাত হয়। এ পর্যন্ত অগ্নিকান্ডের ফলে মোট ২২ জন ব্যক্তি মৃত্যুবরন করেছে। নিহতদের মরদেহ ময়না তদন্ত শেষে স্বজনদের নিকট হস্তান্তর করা হয়েছে। আহতদের হাসপাতালে চিকিৎসা এবং নিহতদের দাফন-কাফন বাবদ এ পর্যন্ত সর্বমোট ৭,৬০,০০০/- (সাত লক্ষ ষাট হাজার) টাকা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বরাদ্দকৃত জিআর ক্যাশ খাত হতে জেলা প্রশাসনের মাধ্যমে বিতরণ করা হয়েছে। এছাড়া চিকিৎসাধীন প্রত্যেক ব্যক্তিকে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা হিসাবে মোট ৯,০০,০০০/- (নয় লক্ষ) টাকা নগদ সহায়তা প্রদান করা হয়েছে। অগ্নিকান্ডের কারণ ও ক্ষয়ক্ষতি নিরূপণে জেলা প্রশাসনের উদ্যোগে গঠিত কমিটির তদন্ত কার্যক্রম অব্যাহত রয়েছে। বর্তমানে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ১০ জন চিকিৎসাধীন রয়েছে।

**অগ্নি দূর্ঘটনায় নিহত ২২ জনের বিবরণ নিম্নরূপঃ**

| ক্রঃনং | নাম, বয়স ও পিতার নাম | ঠিকানা | মৃত্যুর তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | অজ্ঞাত | | ১১/১২/১৯ | ঘটনাস্থলে মৃত্যুবরণ করে। |
| ০২ | মোঃ আলম (৩৫), পিতা- মৃত আঃ রশিদ | চুনকুটিয়া, কেরানীগঞ্জ, ঢাকা | ১২/১২/১৯ | ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করে। |
| ০৩ | জিনারুল ইসলাম (৩২), পিতা- মোতালেব মোল্লা | ছয়ঘরিয়া, শালিখা, মাগুড়া | ১২/১২/১৯ | |
| ০৪ | ইমরান (১৮), পিতা- মোঃ আনসার | মকিমপুর, কলাপাড়া,পটুয়াখালী | ১২/১২/১৯ | |
| ০৫ | সুজন (২৯), পিতা- খলিল | কেরানীগঞ্জ, ঢাকা | ১২/১২/১৯ | |
| ০৬ | জাহাঙ্গির (৫৫), পিতা- নুরুল ইসলাম মাদবর | শুভাঢ্যা, কেরানীগঞ্জ, ঢাকা | ১২/১২/১৯ | |
| ০৭ | শালাহউদ্দিন (৩২), পিতা-আব্দুস সালাম | তেজগাঁও, ঢাকা | ১২/১২/১৯ | |
| ০৮ | বাবলু (২৬), পিতা- তাপস | বিন্নাবাইদ, বেলাবো,নরসিংদী | ১২/১২/১৯ | |
| ০৯ | ফয়সাল (২৫), পিতা- হানিফ দেওয়ান | উত্তররায়পুর, মুন্সিগঞ্জ | ১২/১২/১৯ | |
| ১০ | রায়হান (১৬), পিতা- ইউসুফ | মাইজপাড়া, নড়াইল | ১২/১২/১৯ | |
| ১১ | খালেক (৩৫), পিতা- ইব্রাহিম | বরিশাল | ১২/১২/১৯ | |
| ১২ | ফারুক (৩২), পিতা- জসিমশাহ | তিলকপুর, আক্কেলপুর, জয়পুরহাট | ১৩/১২/১৯ | |
| ১৩ | মেহেদী (২০), পিতা- আলী হোসেন | শুভাঢ্যা, কেরানীগঞ্জ, ঢাকা | ১৩/১২/১৯ | |
| ১৪ | আসাদ (১৬), পিতা- আবুল কালাম | খাকবুনিয়া, ধনুয়া ইউনিয়ন, বরগুনা | ১৪/১২/১৯ | |
| ১৫ | মোস্তাকিম (২২), পিতা- মৃত মমতাজ | গোদাগাড়ী, রাজশাহী | ১৫/১২/১৯ | |
| ১৬ | আঃ রাজ্জাক (৪৫), পিতা- কোরবান আলী | চুনকুটিয়া, শুভাঢ্যা, কেরানীগঞ্জ, ঢাকা | ১৫/১২/১৯ | |
| ১৭ | আবু সাইদ (২৯), পিতা- শামীম দেওয়ান | বেতকা, টংগীবাড়ি, মুন্সিগঞ্জ | ১৫/১২/১৯ | |
| ১৮ | সুমন (২২), পিতা- মোসলেম হাওলাদার | বিশারদ, শাহেবের হাট, বরিশাল | ১৫/১২/১৯ | |
| ১৯ | শোহান (১৯), পিতা- মোঃ জব্বার আলী | গবিন্দি, মেলান্দহ, জামালপুর | ১৮/১২/১৯ | |
| ২০ | মফিজ (৪৫), পিতা- অলী মিয়া | সোনাকান্দা, মেঘনা, কুমিল্লা | ১৯/১২/১৯ | |
| ২১ | জনাব শাহাজুল (১৯),পিতা- নজরুল ইসলাম | নাগেশ্বরী, কুড়িগ্রাম | ২১/১২/১৯ | |
| ২২ | জনাব দুর্জয় (১৮), পিতা- মিন্টু চন্দ্র | শুভাঢ্যা, কেরানীগঞ্জ, ঢাকা | ১৫/১২/১৯ | স্বজনরা নিজ উদ্যোগে অন্যত্র নিয়ে যায় এবং নিজ বাড়িতে মৃত্যুবরণ করে। |

**ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন ১০ জনের তালিকাঃ**

| ক্রঃ নং | আহত ব্যক্তির নাম ও বয়স | পিতার নাম | ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | জনাব জাকির হোসেন (৩২) | আবুল হোসেন | গ্রাম- পশ্চিম সোনামুখী, পালং, শরীয়তপুর | ঢাকা মেডিকেল কলেজ সহাসপাতালে চিকিৎসাধীন। |
| ২। | জনাব সাজিদ (২৯) | সুলতান আহমেদ | গ্রাম- শুভাঢ্যা, কেরানীগঞ্জ, ঢাকা | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩। | জনাব ফিরোজ (৩৯) | মৃত আলফাজ উদ্দিন | নয়াবাজার, ঢাকা | |
| ৪। | জনাব সিরাজ (৫০) | আব্দুল মজিদ | শুভাঢ্যা, কেরানীগঞ্জ, ঢাকা | |
| ৫। | জনাব বশির (১৮) | স্বরুপ আলী | ফুলঝুরি, বরগুনা | |
| ৬। | জনাব শাখাওয়াত (২৬) | মৃত খাদেমুল | সোনাকান্দা, মেঘনা, কুমিল্লা | |
| ৭। | জনাব লাম মিয়া (৪২) | আব্দুল হক | চক্রদা, শিবপুর, নরসিংদী | |
| ৮। | জনাব জিসান (১৬) | আক্কাছ মিয়া | নড়াইল | |
| ৯। | জনাব সোহাগ (২৫) | খলিল দেওয়ান | ষোলঘর, শ্রীনগর, মুন্সিগঞ্জ | |
| ১০। | জনাব আসলাম (১৯) | আজহার শেখ | গবিন্দি, মেলান্দহ, জামালপুর | |

**২। ইহা মহোদয়ের সদয় অবগিতর জন্য প্রেরণ করা হলো।**

২২-১২-২০১৯
মোহাম্মদ হাফিজুর রহমান
ভারপ্রাপ্ত কর্মকর্তা
ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল: controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অধিশাখা
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩২৪/১(৬৫)

তারিখ: ৭ পৌষ ১৪২৬
২২ ডিসেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) মহাপরিচালক , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
২) পরিচালক, পরিবীক্ষণ ও তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৩) পরিচালক , ত্রাণ অনুবিভাগ , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৪) উপপরিচালক , পরিবীক্ষণ ও তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৫) প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৬) প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৭) জেলা ত্রাণ ও পুর্ণবাসন কর্মকর্তা

২২-১২-২০১৯
মোহাম্মদ হাফিজুর রহমান
ভারপ্রাপ্ত কর্মকর্তা